



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
আইসিটি শাখা



"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

‘Developing an E-Toolkit on Preventing Child Marriage’ সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	ফরিদা পারভীন অতিরিক্ত সচিব
সভার তারিখ	১০ নভেম্বর ২০২১
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	কনফারেন্স রুম, বাংলাদেশ শিশু একাডেমি
উপস্থিতি	সংযুক্তি ক

সবাইকে সাদর সম্ভাষণ জানিয়ে সভার সভাপতি এবং মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব ফরিদা পারভীন ‘Developing an E-Toolkit on Preventing Child Marriage’ সংক্রান্ত সভার কার্যক্রম শুরু করেন। সভায় সংশ্লিষ্ট কমিটির সকল সদস্যবৃন্দ এবং ইউএসএআইডি'র উজ্জীবন প্রকল্পের প্রতিনিধিগণ উপস্থিত থাকেন।

০২। সভায় আলোচ্যসূচি মোতাবেক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্যসূচি	সিদ্ধান্ত
০১।	ই-টুলকিট এর সার্বিক উদ্দেশ্য	এই ই-টুলকিট-এর মাধ্যমে বাল্য বিবাহ প্রতিরোধে উপযোগী বিভিন্ন তথ্য জনগণকে জানানো হবে বলে সুপারিশ করা হয়।
০২।	ই-টুলকিট এর এক্সেস	তথ্য উপাত্ত এন্ট্রি করার ও কারিগরি বিভিন্ন সহায়তার সুবিধার্থে ই-টুলকিট এর এক্সেস পারমিশন সরবরাহকারী প্রতিষ্ঠানের কাছে থাকবে বলে সুপারিশ করা হয়।
০৩।	নির্ধারিত মেকানিজম এর মাধ্যমে তথ্য উপাত্ত সংগ্রহ	এসবিসিসি ফোরাম গঠন করে নির্ধারিত মেকানিজম-এর মাধ্যমে বেসরকারি সংস্থা, এনজিওসমূহ এবং জেলা/উপজেলা পর্যায়ের তথ্য এবং ম্যাটেরিয়ালসই-টুলকিট-এর জন্য সংগ্রহ করা যেতে পারে বলে সুপারিশ করা হয়।।
০৪।	অভিযোগ সংক্রান্ত লিংক	প্রস্তাবিত ই-টুলকিট-এর তালিকায় অভিযোগ সংক্রান্ত লিংক যুক্ত করে দেয়া যেতে পারে বলে সুপারিশ করা হয়।
০৫।	‘আইন ও বিধিমালা’ মেন্যু সংযোজন	প্রস্তাবিত ই-টুলকিট-এ ‘আইন’ ফোল্ডারটির নামকরণ পরিবর্তন করে ‘আইন ও বিধিমালা’ করা হবে। এই ফোল্ডারে বাল্যবিয়ে সংক্রান্ত আইন ছাড়াও মন্ত্রণালয় এর অন্যান্য সেবা সংক্রান্ত আইন, বিধিমালা, বিভিন্ন পলিসি সংক্রান্ত তথ্য, জাতীয় নারী উন্নয়ন নীতি ২০১১ এবং বাল্যবিয়ে প্রতিরোধে জাতীয় কর্ম-পরিকল্পনা ২০১৮-২০৩০ এর তথ্যসমূহ যুক্ত করা যেতে পারে। তবে উজ্জীবন প্রকল্পের আওতায় শুধুমাত্র বাল্যবিয়ে সংক্রান্ত আইন ও বিধিমালার উপর সংক্ষিপ্ত অডিও-ভিজুয়াল তৈরি করা যেতে পারে বলে সুপারিশ করা হয়।
০৬।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়-এর বিদ্যমান প্রকল্প এবং কার্যাবলীর তথ্য	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়-এর বিদ্যমান ২২ টি প্রকল্প এবং কার্যাবলী সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য নির্ধারিত যাচাই বাছাই কমিটি-র সিদ্ধান্ত অনুযায়ী ই-টুলকিট-এ অন্তর্ভুক্ত করা যেতে পারে। কিশোর-কিশোরী ক্লাব এবং ‘তথ্য আপা’-র মতো বিষয়গুলো এখানে যুক্ত করা যেতে পারে বলে সুপারিশ করা হয়।

০৭।	তথ্য এবং ম্যাটেরিয়ালস প্রকাশের জন্য কমিটি গঠন	বিদ্যমান যাচাই বাছাই কমিটির সুপারিশক্রমে ই-টুলকিট-এর কাজ সম্পন্ন করার জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও মহিলা বিষয়ক অধিদপ্তরের নারী নির্যাতন প্রতিরোধ সেল এবং এনজিও বিষয়ক প্রতিনিধি ও অন্যান্য সংশ্লিষ্ট সদস্যবৃন্দের সমন্বয়ের মাধ্যমে পৃথক আরেকটি কমিটি গঠন করা যেতে পারে। উক্ত কমিটি কর্তৃক ই-টুলকিট-এর কোন তথ্য এবং ম্যাটেরিয়ালস প্রকাশের জন্য যাচাই বাছাই করা যেতে পারে। কমিটি ত্রৈ-মাসিক সভার মাধ্যমে তথ্য এবং ম্যাটেরিয়ালস পুনঃমূল্যায়ন ও নির্ধারণ যেতে পারে বলে সুপারিশ করা হয়।
০৮।	তথ্য সেবা/ডিজিটাল প্ল্যাটফর্মটির উদ্বোধন	ইউএসএআই ডি-র উজ্জীবন প্রকল্প এই তথ্য সেবা/ডিজিটাল প্ল্যাটফর্মটি ডিসেম্বর মাসের তৃতীয় সপ্তাহে উদ্বোধন এর ব্যবস্থা গ্রহণ করবে। এই সেবাটি চলতি বছরে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ডিজিটাল সেবা হিসেবে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা'র আওতায় গ্রহণ করা যেতে পারে বলে সুপারিশ করা হয়।
০৯।	ব্রিশিউর সরবরাহের অনুরোধ	দুবাই এক্সপোর জন্যে তৈরিকৃত ব্রিশিউরটি চূড়ান্ত হলে তা উজ্জীবন প্রকল্পকে সরবরাহের যেতে পারে বলে সুপারিশ করা হয়।



ফরিদা পারভীন
অতিরিক্ত সচিব


স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৩৪.১৬.০০২.২১.১০৯

তারিখ: ৮ অগ্রহাষণ ১৪২৮

২৩ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, প্রশাসন-১ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ২) উপসচিব, উন্নয়ন-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৩) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৪) জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৫) ডাঃ কাজী ফয়সাল মাহমুদ, চীফ অফ পার্টী,, জনস হপকিন্স সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রামস
- ৬) খাইরুল আবেদিন, প্রোগ্রাম ম্যানেজার, বাংলাদেশ সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রামস
- ৭) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৮) জাকিয়া হক নীলা, প্রোগ্রাম অফিসার, জনস হপকিন্স সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রামস।
- ৯) রাখসিন্দাহ আখতার, প্রোগ্রাম অ্যাসোসিয়েট, জনস হপকিন্স সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রামস
- ১০) অফিস কপি



মোঃ ইনামুল হক
প্রোগ্রামার